




বাংলাদেশ প্রবাসী উন্নয়ন সমিতি

EXPATRIATES DEVELOPMENT SOCIETY OF BANGLADESH

(প্রবাসীদের জীবন যাপনের মান উন্নয়ন ও সহযোগিতাই আমাদের লক্ষ্য)

সূত্র নং. EDSB/MEWOE/2016-1

তারিখ : ১৭ জানুয়ারী ২০১৬



বরাবর,

মাননীয় মন্ত্রী মহোদয়
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ভবন, ইসকাটন রোড, ঢাকা, বাংলাদেশ

বিষয় : ইতালীর শ্রমবাজার পুনরায় উন্মুক্ত করনে ইতালী ও বাংলাদেশ সরকারের মধ্যে দ্বিপাক্ষিক ইমিগ্রেশন সহযোগীতা চুক্তি প্রসঙ্গে।

মাননীয় মন্ত্রী মহোদয়,

ইতালী প্রবাসীদের সালাম গ্রহন করুন। যথাযথ সম্মানপূর্বক নিবেদন এই যে, ২০০৩ সাল হতে ইতালী ও বাংলাদেশ সরকারের মধ্যে উভয় দেশের নাগরিকদের সামাজিক অধিকার (Civil right), কাজের অধিকার (Work right), ইমিগ্রেশন অধিকার (Immigration right) সংক্রান্ত একটি দ্বিপাক্ষিক সহযোগীতার চুক্তি স্বাক্ষরের বিষয়টি খেমে আছে। এর প্রতিক্রিয়া স্বরূপ ২০১২ সাল হতে :

- ২০০৩ সাল হতে ২০১১ সাল পর্যন্ত সুবিধা পাবার পরে ২০১২ সাল হতে ইতালীর শ্রমবাজারে বাংলাদেশী নাগরিকদের প্রবেশের অধিকার হারিয়েছে।
- ইতালীয় কাজের মাইগ্রেশন সিস্টেমে বাংলাদেশ সরকারের কতৃৎ না থাকা।
- ইতালীতে বসবাসরত দুই লাখ বাংলাদেশী নাগরিকের চলমান জীবনযাত্রা নানান সমস্যার জর্জরিত।
- ইমিগ্রান্ট বাংলাদেশে নাগরিকরা ও তাদের পরিবার ইতালীয় দূতাবাসের বৈসম্যমূলক আচরণের শিকার।

যা মূলত ইতালী বাংলাদেশের জনগনের স্বার্থ রক্ষার্থে ও প্রবাসীদের জীবন যাপনের মান উন্নয়নে বর্তমান প্রধান সমস্যাগুলি ও সমাধানের জন্য করণীয় প্রস্তাবনা আপনার সদয় অবগতির জন্য সংক্ষেপে তুলে ধরার চেষ্টা করছি।

ইতালীতে বাংলাদেশীদের মাইগ্রেশন :

ইতালীতে মূলত বাংলাদেশী নাগরিকদের উপস্থিতি ও অবস্থান আসির দশক হতে। বিভিন্ন দেশে পার হয়ে এক-দুই করে বাংলাদেশীদের গোড়া পত্তন হয় ১৯৮০-৮১ সালে। পরবর্তিতে ১৯৮৭ সালে ইতালী সরকার প্রথমবারের মত অবৈধ বিদেশী নাগরিকদের বৈধতা প্রদান করলে তৎকালীন ইউরোপীয় অন্যান্য দেশ অবস্থানকারী বেশ কিছু সংখ্যক বাংলাদেশী নাগরিক ইতালীতে সোজন তথা কাজের জন্য বসবাস করার অনুমতি পায়। ১৯৮৭ সালে সর্বসাকুল্য জনসংখ্যা দাড়ায় কমবেশী ৫৫০ জনের মত। ১৯৯০ সালে ফেব্রুয়ারীতে ইতালীতে দ্বিতীয় লিগালাইজেশনের ঘোষনা হয়। সমসাময়িক ইউরোপীয় অন্যান্য দেশের তুলনা সহজ পদ্ধতি স্থায়ী ভাবে থাকা যায় ১৯৮৭ সালে বৈধদের কাছ থেকে এই তথ্যের ভিত্তিতে ও তাদের সহযোগীতার সারা ইউরোপের বিভিন্ন দেশে ব্যাপক আলোড়ন সৃষ্টি হয় এবং পার্শ্ববর্তী দেশ যেমন ফ্রান্স, সইজারল্যান্ড, অস্ট্রিয়া, জার্মান, হল্যান্ড, বেলজিয়ামে অবস্থানরত বাংলাদেশীদের একটি বড় অংশ ইতালী মাইগ্রেশন করে মোট ৩,৮৬১ জন থাকার অনুমতি লাভ করে। ১৯৯১ সালে মোট ৫.৩৫০ জনের কমুনিটি তৈরী হয়। পরবর্তিতে ইতালীতে বৈধ করনে (লিগালাইজেশন) প্রক্রিয়াতে ১৯৯৫ সালে ৬,১৬২ জন, ১৯৯৮



Expatriates Development Society of Bangladesh,

Head office : Section 6, Block D, Road nr.8 House 13, Mirpur, Dhaka 1216, Bangladesh 1216.

Tel. +88 0171 5063157 www.edsb88.wix.com/probashi Email : probashi@italbangla.net